

সরিষাবাড়ীতে প্রধান শিক্ষকের ৩০টি পদ শূন্য

■ সরিষাবাড়ী (জামালপুর) সংবাদদাতা

জামালপুরের সরিষাবাড়ীতে ২ বছর ধরে প্রধান শিক্ষকের ৩০টি পদ শূন্য। শিক্ষকদের অবসর গ্রহণ, মৃত্যু ও বদলিজনিত কারণে ওই পদগুলো শূন্য হয়ে পড়েছে।

শিক্ষা অফিস সূত্রে জানা যায়, এ উপজেলায় ১৩৩টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এদের মধ্যে পূর্বের সরকারি ৮৫টি, প্রকল্পের আওতাভুক্ত নতুন সরকারিকরণকৃত ৩টি, বেসরকারি রেজিঃ প্রাথমিক বিদ্যালয় থেকে সদ্য জাতীয়করণকৃত ৩৫টি ও কমিউনিটি থেকে জাতীয়করণকৃত ১০টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে।

২ বছর ধরে মানিকপটল, গোবিন্দপুর, গারাজোবা, তরনিআটা, দড়ি মেইয়া, ডাকাতিয়া মেন্দা, জয়নগর, চরহরিপুর, বলারদিয়া, সেসুয়া, কুঠিরহাট, বিনজাইল, ডবানীপুর ও মাদীপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ শূন্য হয়ে পড়েছে। এছাড়া সদ্য জাতীয়করণকৃত টিকরাপাড়া, চুনিয়াপটল, পশ্চিম গোবিন্দপুর, বীরবড়বাড়িয়া, চর বাঙালি, বাশবাড়ী, মেদুর, রামপুর, বালিয়ামেন্দা প্রকাশ মিরকুটিয়া, পূর্ব রোহা এস.আর.টি, বাঘমারা, পূর্ব ধারাবর্ষা, চর হরিপুর দক্ষিণপাড়া, দক্ষিণ নলসোকা, দক্ষিণ দৌলতপুর, আতাউর রহমান সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। এতে ওই প্রতিষ্ঠানগুলোর পাঠদান ব্যাহত হচ্ছে।

এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহাম্মদ ফেরদৌস জানান, অবসরগ্রহণ, মৃত্যু ও বদলিজনিত কারণে ওই বিদ্যালয়গুলোতে প্রধান শিক্ষকের পদ শূন্য হয়ে পড়ে। তবে ইতিমধ্যে শূন্য পদ পূরণের জন্য গ্রেটেশন তালিকা তৈরি করে শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।